ঝিনাইদহে দুর্নীতি বিরোধী চিত্রাংকন ও রচনা প্রতিযোগীতা

‘সবাই মিলে গড়বো দেশ, দুর্নীতিমুক্ত বাংলাদেশ’ এই শ্লোগানে ঝিনাইদহে দুর্নীতি বিরোধী চিত্রাংকন ও রচনা প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে।

রোববার সকালে শহরের কলাবাগান এলাকার ল্যাবরেটরি স্কুলে এই প্রতিযোগীতার আয়োজন করে জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক)।

‘বাংলাদেশে দুর্নীতির কারণগুলো ও তার প্রতিকারের উপায়’ এই বিষয়ে প্রতিযোগিতায় অংশ নেয় শহরের বিভিন্ন এলাকার ৮ টি বিদ্যালয়ের অর্ধশত শিক্ষার্থী। প্রতিযোতী শেষে প্রতিযোগীয় অংশ নেওয়া বিজয়ীদের মাঝে পুরস্কার দেওয়া হয়।

দুপ্রক জেলা শাখার সভাপতি প্রফেসর রুহুল আমিনের সভাপতিত্বে সাধারণ সম্পাদক বাবলু কুন্ডুর পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সরকারি কেসি কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. নওশের আলম, সহকারী অধ্যাপক ফরিদুল ইসলাম, দুদক সমন্বিত জেলা কার্যালয়ের পরিদর্শক কওসার আহম্মেদ, সরকারি বালক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফারজানা আফরোজ, দুপ্রক’র সদস্য ইসাহাক আলী, গাউস গোর্কি, তরিকুল আলম রনি প্রমুখ।

সেসময় বক্তারা, দুর্নীতিমুক্ত সমাজ গঠনে নতুন প্রজন্মকে নৈতিক মূল্যবোধ ও সততার শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে আহ্বান জানান।

সেই সাথে শিশু-কিশোরদের মধ্যে দুর্নীতিবিরোধী মনোভাব সৃষ্টি করা গেলে ভবিষ্যতে একটি স্বচ্ছ, জবাবদিহিমূলক ও উন্নত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে আশা ব্যক্ত করেন।

কোটচাঁদপুর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা,গড়বো আগামীর শুদ্ধতা এই প্রতিপাদ্যে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হযেছে। বিভিন্ন কর্মসুচীর মধ্যদিয়ে দিবসটি পালিত হয়েছে।

প্রতিবছরের ন্যায় আজ সোমবার সকালে কোটচাঁদপুরেও আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস এ উপলক্ষে বিভিন্ন কর্মসুচী পালন করা হয়। যার মধ্যে ছিল জাতীয় ও দুর্নীতি প্রতিরোধ কমিটির পতাকা উত্তোলন, বেলুন উড়িয়ে উদ্বোধন ঘোষণা ও মানববন্ধন। পরে কোটচাদপুর উপজেলা অফিসার্স ক্লাবে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় কোটচাঁদপুর দুর্নীতি বিরোধী কমিটির সভাপতি হুমায়ন কবিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভুমি) জান্নাতুন মাওয়া, মডেল থানার অফিসার ইনর্চাজ কবির হোসেন মাতুব্বর, দুর্নীতি বিরোধী কমিটির সহ-সভাপতি মোঃ ওলিয়ার রহমান, দুর্নীতি বিরোধী কমিটির সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমিন, সাফদালপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, কুশনা ইউনিয়নের চেয়ারম্যান শাহারুজ্জামান সবুজ, সিনিয়র মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম, কৃষি কর্মকর্তা জাহিদুল ইসলাম,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক শাহ জামাল।